গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

ই-গভর্ণমেন্ট ডেভেলপমেন্ট র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের অবস্থান উন্নীতকরণ-শীর্ষক পলিসি ডায়লগ সভার সিদ্ধান্ত (সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ) বাস্তবায়ন এবং অধীন অধিদপ্তরসমূহের ই-নথির ব্যবহার সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২২ নভেম্বর ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য প্রোগ্রামার (আইসটি সেল) কে অনুরোধ করেন। অতঃপর প্রোগ্রামার (আইসটি সেল) নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য সূচি-১: ই-গভর্ণমেন্ট ডেভেলপমেন্ট র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশের অবস্থান উন্নীতকরণ-শীর্ষক পলিসি ডায়লগ সভার (সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ) সিদ্ধান্ত বাস্তবায়ন;**

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দকে প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় অবহিত করেন যে, ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট র‍্যাঙ্কিংকে বাংলাদেশের অবস্থান উন্নতীকরণ – শীর্ষক পলিসি ডায়ালগ সভা মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৪ নভেম্বর ২০২০ তারিখে Zoom Online Platform এ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স অধিশাখা ১৩ নং স্মারকমূলে ২৪ জানুয়ারি ২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করে। উক্ত সভায় ৩২(বত্রিশ)টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উল্লেখ্য ৩২(বত্রিশ)টি সিদ্ধান্তের মধ্যে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ সংশ্লিষ্ট ০২(দুই)টি সিদ্ধান্ত বাস্তবায়নের উল্লেখ রয়েছে, যা নিম্নরূপ:
**সিদ্ধান্ত নং-৩:** মন্ত্রণালয়/বিভাগ থেকে মাঠ পর্যায়ে তথ্য বাতায়ন হালনাগাদের লক্ষ্যে ১৫ জানুয়ারি ২০২১ মধ্যে নির্দেশনা প্রদান করতে হবে।
**সিদ্ধান্ত নং- ৪:** তথ্য হালনাগাদের রিপোর্ট প্রতি তিন মাস অন্তর মাঠ পর্যায় থেকে সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
সিদ্ধান্ত নং- ৩ এবং ৪ এর আলোকে এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের প্রধানগণকে নিজ নিজ অফিসের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের অফিসের তথ্য বাতায়ন (ওয়েবসাইট), অফিসিয়াল ফেসবুক পেজ এবং ইউটিউব চ্যানেল (যদি বিদ্যমান থাকে) নিয়মিত হালনাগাদ করা এবং নির্দিষ্ট ছকে তথ্য হালনাগাদের রিপোর্ট প্রতি তিন মাস অন্তর সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করার জন্য ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ২৭ নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয় এবং গৃহীত কার্যক্রমটি মন্ত্রিপরিষদ বিভাগকে ০২ মার্চ ২০২১ তারিখ ২৮ নং স্মারকমূলে পত্র মারফত অবহিত করা হয়।
সভায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে প্রধান কার্যালয়সহ ০৭টি বিভাগীয় ও ৫৭টি

জেলা পর্যায়ের অফিসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের কার্যক্রম নিজস্ব জনবলের মাধ্যমে বর্তমানে পরিচালিত হচ্ছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন ০৮টি বিভাগীয় ও ০৪টি মেট্রো: উপ-অঞ্চলের মধ্যে ০৩টি এবং ৬১টি জেলা পর্যায়ের অফিসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের কার্যক্রম নিজস্ব জনবল এবং স্থানীয় জেলা প্রশাসকের কার্যালয়ের মাধ্যমে বর্তমানে পরিচালিত হচ্ছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন প্রধান কার্যালয়সহ ০৮টি বিভাগীয়, ০১টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ও ৬৪টি জেলা পর্যায়ের অফিসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের কার্যক্রম নিজস্ব জনবল, স্থানীয় জেলা প্রশাসকের ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের মাধ্যমে পরিচালিত হচ্ছে। কারা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে ০৮টি বিভাগীয় অফিসমূহের মধ্যে ০৩টি এবং কেন্দ্রিয় কারাগারসহ ৬৮টি জেলা পর্যায়ের অফিসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের কার্যক্রম নিজস্ব জনবল, স্থানীয় জেলা প্রশাসকের ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের মাধ্যমে পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ তথ্য বাতায়ন হালনাগাদকরণসহ অন্যান্য আইসিটি সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য নিজস্ব জনবল তৈরি, বিদ্যমান জনবলসমূহকে নিয়মিতভাবে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানসহ অন্যান্য কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও যে সমস্ত তথ্য বাতায়নসমূহ স্থানীয় জেলা প্রশাসকের ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের মাধ্যমে পরিচালিত হচ্ছে, সে সমস্ত তথ্য বাতায়নসমূহ নিয়মিতভাবে হালনাগাদকরণের জন্য সমন্বয়পূর্বক দাপ্তরিক যোগাযোগ বৃদ্ধির জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত প্রকাশ করেন। সভায় সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত ফরম্যাটে প্রতি ০৩ মাস পর পর মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদের তথ্যাদি যথাসময়ে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের জন্য সভায় উপস্থিত অধিদপ্তরসমূহের প্রতিনিধিবৃন্দকে অনুরোধ করেন।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) সুরক্ষা সেবা বিভাগের অধীন অধদপ্তরসমূহ স্ব স্ব সকল অফিসসমূহের চালুকৃত তথ্য বাতায়ন হালনাগাদের তথ্যাদি যথাসময়ে সুরক্ষা সেবা বিভাগে ইতিপূর্বে প্রেরিত ফরম্যাটে প্রতি ০৩ মাস পর পর প্রেরণ করবে;

(খ) সুরক্ষা সেবা বিভাগের অধীন অধদপ্তরসমূহ তথ্য বাতায়ন হালনাগাদকরণসহ অন্যান্য আইসিটি সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য নিজস্ব জনবল তৈরি করার উদ্যোগ গ্রহণ করবে এবং বিদ্যমান জনবলসমূহকে নিয়মিতভাবে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করার ব্যবস্থা গ্রহণ করবে;

(গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রো: উপ-অঞ্চলের (উত্তর), জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চট্টগ্রাম, টেকনাফ বিশেষ জোন, কক্সবাজারসহ যে সমস্ত জেলা পর্যায়ের অফিসমূহের তথ্য বাতায়ন এখনোও তৈরি করা হয়নি, সে সমস্ত তথ্য বাতায়ন ai2 এর National Portal Framwork টিমের সাথে যোগাযোপূর্বক তৈরি করার উদ্যোগ গ্রহণ করবে;

(ঘ) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, ময়মনসিংহ, আঞ্চলিক পাসপোর্ট অফিস, উত্তরা, ঢাকা, আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁদগাঁও, চট্টগ্রাম, আঞ্চলিক পাসপোর্ট অফিস, যাত্রাবাড়ি, পাসপোর্ট অফিস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা, পাসপোর্ট অফিস, বাংলাদেশ সচিবালয়, ঢাকাসহ যে সমস্ত বিভাগীয় ও জেলা (আঞ্চলিক) পর্যায়ের অফিসমূহের তথ্য বাতায়ন এখনোও তৈরি করা হয়নি, সে সমস্ত তথ্য বাতায়ন ai2 এর National Portal Framwork টিমের সাথে যোগাযোপূর্বক তৈরি করার উদ্যোগ গ্রহণ করবে;

(ঙ) কারা অধিদপ্তরের রাজশাহীস্থ কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ০৫টি বিভাগীয় পর্যায়সহ যে সমস্ত জেলা পর্যায়ের অফিসমূহের তথ্য বাতায়ন এখনোও তৈরি করা হয়নি, সে সমস্ত তথ্য বাতায়ন ai2 এর National Portal Framwork টিমের সাথে যোগাযোপূর্বক তৈরি করার উদ্যোগ গ্রহণ করবে।

(চ) যে সমস্ত তথ্য বাতায়ন স্থানীয় জেলা প্রশাসকের ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের মাধ্যমে পরিচালিত হচ্ছে সে সমস্ত তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করার জন্য স্ব স্ব অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে সমন্বয়পূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ অব্যাহত রাখা।

(ছ) সকল তথ্য বাতায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/সংশ্লিষ্টদের এবং সকল সেবার বিস্তারিত তথ্য অগ্রাধিকার ভিত্তিতে হালনাগাদ করা উদ্যোগ গ্রহণ।

**২.০ আলোচ্য সূচি-২:** সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহের অফিসে ই-নথির ব্যবহার পর্যালোচনা;

**২.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক সভায় উপস্থিত সদস্যবৃন্দ স্ব স্ব অফিসের প্রধান কার্যালয়সহ আঞ্চলিক অফিসসমূহে দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতার জন্য ই-নথির ব্যবহারের হার দ্রুততম সময়ের বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও ই-নথির ব্যবহার বার্ষিক কর্মসম্পাদন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট হওয়ায় স্ব স্ব অফিসের সার্বিক সাফল্যের জন্য দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার ব্যাপক হারে বৃদ্ধির জন্য সভায় উপস্থিত সবাই একমত প্রকাশ করেন। সভায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে প্রধান কার্যালয়সহ ২০টি আঞ্চলিক অফিসে দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার বিদ্যমান আছে। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ৪৭টি আঞ্চলিক অফিসে অধ্যবধি দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার শুরু হয়নি। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে প্রধান কার্যালয়সহ ০৬টি বিভাগীয় অফিস এবং ৪৮টি জেলা পর্যায়ের অফিসে ই-নথির ব্যবহার বিদ্যমান আছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে প্রধান কার্যালয়সহ ০৪টি বিভাগীয় অফিসসহ ০৩টি জেলা পর্যায়ের অফিসে দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার বিদ্যমান আছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অবশিষ্ট ০৪টি বিভাগীয় অফিসসহ অধিকাংশ আঞ্চলিক/মাঠ পর্যায়ের অফিসে ই-নথির ব্যবহার শুরু হয়নি। কারা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে প্রধান কার্যালয়সহ ০৪টি আঞ্চলিক অফিসে দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার বিদ্যমান আছে। কারা অধিদপ্তরের অবশিষ্ট ৭২টি আঞ্চলিক/মাঠ পর্যায়ের অফিসে ই-নথির ব্যবহার শুরু হয়নি। এছাড়াও অধিদপ্তরসমূহের প্রকল্প পরিচালকবৃন্দেরও ই-নথির ব্যবহার করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত প্রকাশ করেন।

**২.২ সিদ্ধান্ত:**

(ক) অধিদপ্তরসমূহের যে সমস্ত আঞ্চলিক/মাঠ পর্যায়ের অফিসে ই-নথির ব্যবহার শুরু হয়নি, সে সমস্ত আঞ্চলিক/মাঠ পর্যায়ের অফিসে ই-নথির ব্যবহার শুরু করার জন্য প্রধান কার্যালয় হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা;

(খ) অধিদপ্তরসমূহের প্রধান কার্যালয়সহ সব আঞ্চলিক/মাঠ পর্যায়ের সব অফিসে সব শাখায় পর্যায়ক্রমে ই-নথির ব্যবহার শুরু করার জন্য উদ্যোগ গ্রহণ করা;

(গ) কারিগরি সহযোগীতা ও প্রশিক্ষণের জন্য সুরক্ষা সেবা বিভাগের আইসিটি সেল ও a2i হতে প্রয়োজনীয় সহযোগীতা গ্রহণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০২.২১.২১৬

তারিখ: ১৬ পৌষ ১৪২৮
৩১ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (স্থানীয় জেলা প্রশাসকের ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের মাধ্যমে আইসিটি বিভাগের জনবল কর্তৃক জেলা পর্যায়ে সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহের স্থানীয় অফিসমসূহের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদানের নির্দেশনা

প্রদানের অনুরোধ করা হলো)

২) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

৩) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

৪) উপসচিব, প্রশাসন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৫) উপসচিব, ই-গভর্নেন্স-১ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৬) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ

৭) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৮) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ

৯) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

১০) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার